মেহেরপুরে র্যাবের অভিযানে কুরিয়ার সার্ভিস থেকে নকল বিড়ি উদ্ধার

মেহেরপুরে একটি অভিযানে নকল ব্যান্ডরোল যুক্ত তিন লক্ষ একাশি হাজার সাতশো শলাকা বিড়ি উদ্ধার করেছে র্যাব।

আজ বৃহস্পতিবার ১০ আগষ্ট বিকালে র্যাব-১২ এর সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান এর নেতৃত্বে এক অভিযানে মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডের নিকট মাধ্যমিক বালিকা বিদ্যালয় পাড়ায় এস এ কুরিয়ার সার্ভিসের অফিসে অভিযান চালিয়ে বিভিন্ন ব্যান্ডের নকল বিড়ি উদ্ধার করা হয়।

সরকারী রাজস্ব ফাঁকি দিয়ে বিভিন্ন কোম্পানির বিড়ির প্যাকেটে নকল ব্যান্ডরোল যুক্ত করে সার্ভিসে মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে পাঠানোর জন্য বুকিং দেওয়া হচ্ছে, গোপন সূত্রে এমন খবর পেয়ে র্যাব-১২ সদস্যরা সেখানে অভিযান চালিয়ে এক লক্ষ সাতাশ হাজার দুইশো শলাকা নকল আজিজ বিড়ি, এক লক্ষব পচিশ হাজার শলাকা কারিগর বিড়ি এবং চল্লিশ হাজার পাচশ শলাকা মিঠি নকর বিড়ি উদ্ধার ও জব্দ করে র্যাব।

র্যাবের সুত্র জানায় জব্দকৃত সকল বিড়ি নকল ব্যান্ডরোল যুক্ত।

গাংনীতে নাশকতার মামলায় ইউনিয়ন জামায়াতের আমীর গ্রেফতার

নাশকতা ও বিস্ফোরক আইনে পুলিশের দায়ের করা মামলায় গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন জামায়াতের আমীর জয়নাল আবেদীন (৫৫) কে গ্রেফতার করেছে থানা পুলিশ।

গ্রেফতারকৃত জয়নাল আবেদীন গাংনী উপজেলার শালদহ নওদাপাড়া এলাকার

শরিয়তুল্লাহর ছেলে। সে রাইপুর ইউনিয়ন জামায়াতের আমীর।

তার নামে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন ও বিস্ফোরক আইনে মামলা নং ৪৩, তারিখ ৩০/০৬/২৩ ইং রয়েছে।

গাংনীর এলাঙ্গী ক্যাম্পের ইনচার্জ (এসআই) সুফল কুমারের নেতৃত্বে পুলিশের একটি টিম আজ বৃহস্পতিবার (১০ আগষ্ট) সন্ধ্যার দিকে তার বাড়িতে অভিযান চালিয়ে জামায়াত নেতা জয়নাল আবেদীনকে গ্রেফতার করে গাংনী থানায় নেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গ্রেফতারকৃত জামায়াত নেতাকে আগামীকাল শুক্রবার (১১ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মুজিবনগরে এনজিও ঋণ পরিশোধ করতে না পেরে রাজমিস্ত্রির আত্ম*হত্যা

১৫ থেকে ১৬ টি এনজিও থেকে ঋণ নিয়ে ঋণের টাকা পরিশোধ করতে না পেরে দিশেহারা ছিলেন রাজমিস্ত্রি হিরক মন্ডল (৩৬)। আজকে তার বাড়িতে এনজিও আত্মবিশ্বাস, সিএস, সেতু, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতিসহ কয়েকটি এনজিও’র মাঠ কর্মী এসেছিলো কিস্তির টাকা নিতে। এসব এনজিও সংস্থাগুলোর কিস্তির টাকা দিতে না পারায় হিরক মন্ডলকে নানা ভাবে অপমান অপদস্ত করে। এক পর্যায়ে সে অপমান সইতে না পেরে নিজ ঘরের বাঁশের আড়ার সাথে গলাই দড়ি দিয়ে আত্মহত্যা করেন।

আজ বৃহস্পতিবার (১০ আগষ্ট) বিকাল সাড়ে ৪টার দিকে এই আত্মহত্যার ঘটনা ঘটে।

হিরক মন্ডল মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামের উৎপল ওরফে নতু মন্ডলের ছেলে। সে পেশায় একজন রাজমিস্ত্রি।

হিরক মন্ডলের স্ত্রী শেফালী মন্ডল বলেন, পরিবারের দারিদ্রতা

ঘোঁছাতে একের পর এক ১৫ থেকে ১৬ টি এনজিও থেকে ঋণ নেওয়া হয়েছে। তিনি বলেন, এক সমিতির ঋণ পরিশোধ করতে আরেকটি সমিতির কাছ থেকে ঋণ নিয়েছিলাম। এভাবে প্রতিনিয়ত সমিতির সংখ্যা বেড়ে গেছে। আমরা দরিদ্র থেকে আরও বেশি দরিদ্র হয়ে গেছি।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই আত্মহত্যার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরে ১০ গ্রাম হেরোইনসহ নারী মাদকব্যবসায়ী আটক

১০ গ্রাম হেরোইন সহ নাজমা খাতুন (৩০) ওরফে খুশি খাতুন নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আটক নাজমা খাতুন মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের সমিরুল ইসলাম ওরফে আজিলের স্ত্রী।

গতকাল বুধবার রাতে মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে নাজমা খাতুনকে গ্রেফতার করে।

গোপন সুত্রে খবর পেয়ে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে, এস আই মদনমোহন সাহা, এএসআই জিএম শহিদুল ইসলামসহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অন্যান্য সদস্যরা নাজমা খাতুনের বাড়ি থেকে তাকে আটক করে। এ সময় তার হাত ব্যাগ তল্লাশি করে ১০ গ্রাম হেরোইন উদ্ধার করে।

এ ঘটনার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১০ আগষ্ট) দুপুরের দিকে নাজমা খাতুনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে জামায়াত নেতাসহ ১০ আসামি গ্রেফতার

মুজিবনগরে জামায়াতের ওয়ার্ড বায়তুল মাল সম্পাদক ও জেলা আমিরের ঘনিষ্ট সহযোগী নাশকতা মামলার আসামি তৌফিক মোল্লা(৫২)কে বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)/২৫-ডি ধারার মামলায় গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত তৌফিক মোল্লা মুজিবনগর উপজেলার নাজিরা কোনা গ্রামের জাহান আলী মোল্লার ছেলে।

গ্রেফতারকৃত জামায়াত নেতার বিরুদ্ধে পূর্বেও একাধিক মামলা রয়েছে বলে জানিয়েছে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইন-চার্জ (ওসি) মেহেদী রাসেল এর নেতৃত্বে, থানার এসআই উত্তম কুমার, এসআই মোঃ আশিক, এসআই সজীব, এএসআই শাখাওয়াত, এএসআই সীমা খাতুন এবং সঙ্গীয় ফোর্সের সহায়তায় গতকাল বুধবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার বিভিন্ন জায়গায় অভিযান পরিচালনা করে আসামীদের গ্রেফতার করে।

এছাড়া আদালতের পরোয়ানাভূক্ত অন্য আসামীরা হলেন উপজেলার মোনাখালী গ্রামের কালু শেখের ছেলে চঞ্চল হোসেন(৩৫), রসিকপুর গ্রামের মৃত ছোবহান শেখের ছেলে আবদাল হোসেন (৫০), গোপীনাথপুর গ্রামের মৃত আকছেন আলীর মেয়ে শাহনাজ খাতুন(৩৫), বিশ্বনাথপুর গ্রামের রায়েল বিশ্বাস এর ছেলে রুবেল বিশ্বাস (২৫)।

এদিকে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ আসামি গ্রেফতার হয়েছে। এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও জিআর মামলায় ২ আসামি গ্রেফতার হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

তারা বলেন, বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক টিম রাতভোর আজ ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামীদের আজ বৃহস্পতিবার (১০ আগষ্ট) দুপুরের দিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে জমি অধিগ্রহণ নিয়ে আতঙ্কে ভূমি মালিকরা

মেহেরপুর ভূমি অধিগ্রহণ নিয়ে আতঙ্কে রয়েছে জমির মালিকরা। ভুমি অধিগ্রহণ শাখা জমির ন্যায্য দাম দিচ্ছেনা বলে জমি মালিকদের দাবি। সরকারি ভবন নির্মানে জমি অধিগ্রহণে অনেক জমি মালিককে ভূমিহীনে পরিণত করা হচ্ছে। অধিগ্রহণের ক্ষেত্রে মানা হচ্ছেনা ২০১৭ সালের ভূমি অধিগ্রহণ আইন। জমি অধিগ্রহণ আইনের দ্বিতীয় অধ্যায়ের ৪ ধারায় উল্লেখ আছে জেলা প্রশাসক যৌথ তালিকা প্রস্তুত করে শ্রেনী পরিবর্তনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। এই আইনে জমির শ্রেণি পরিবর্তন করে কম মূল্যের শ্রেণি দেখিয়ে জমি অধিগ্রহণ করা হচ্ছে। জমির মুল্য নিধারণের সময় মানা হচ্ছেনা কোন কালাকানুন। বাজার মুল্যের চার ভাগের এক ভাগও দেওয়া হচ্ছেনা জমি মালিকদের। ফলে জমির মালিকরা বিভাগীয় কমিশনার খুলনা বিভাগীয় অফিসে আপিল করছে।

মেহেরপুর জেলা শহরের ভূমি অফিস পাড়ার আবদুর রজ্জাক বলেন- আমাদের চাষযোগ্য জমি মাত্র এক একর। পাসপোর্ট অফিসের জন্য ২৫ শতক জমি অধিগ্রহণ করা হয়েছে। এখন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ আঞ্চলিক কেন্দ্র নির্মানে বাকি জমিটুকু অধিগ্রহনে চিঠি দিয়েছে। খুলনা বিভাগীয় কমিশনারের কাছে আপিল করেছি চাষযোগ্য জমিটুকু অধিগ্রহণ করে আমাকে ভূমিহীন না করার জন্য। তিনি বলেন আমাদের চাষাবাদের শেষ জমিটুকু অধিগ্রহণ করা হলে আমরা ভূমিহীন হয়ে যাবো। মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে বিভিন্ন সময়ে যোগাযোগ করা হয়েছে। কিন্তু তার আবেদন নিবেদন উপেক্সা করা হচ্ছে।

২২ জেলায় ১টি করে পলেটেকনিকাল ইনস্টিটিউট নির্মান হবার কথা

ছিলো। ২১ জেলায় সম্পুর্ন হলেও ভূমি অধিগ্রহণ জটিলতায় বন্ধ হয়ে গেছে মেহেরপুর পলেটেকনিকাল ইনস্টিটিউট নির্মান। বাংলাদেশের সব উপজেলায় মডেল মসজিদ নির্মান হলেও, ভুমি অধিগ্রহন জটিলতায় মুজিবনগর মডেল মসজিদের কাজ এখোনো আলোর মুখ দেখিনি। মেহেরপুরে রেললাইন, মুজিবনগর সৃতি কমপ্লেক্স, মেহেরপুর চেকপোস্ট, মুজিবনগর বিশ^বিদ্যালয়সহ অনেক উন্নয়নমুলক কাজ মন্ত্রীসভায় পাশ হয়েছে। ওসব প্রতিষ্ঠান নির্মানে মেহেরপুরে জমি অধিগ্রহণ শুরু হয়েছে। একই সাথে শুরু হয়েছে জমি মালিকদের মধ্যে সঠিক দাম না পাওয়ার আতংক। ইতোমধ্যে পাসপোর্ট অফিস, ছহিউদ্দনি পলিটেকনিক ইন্সটিটিউট নির্মানে জমি অধিগ্রহণ করা হয়েছে।

জেলা শহরের উপকন্ঠে বামন পাড়া মৌজার জমির মালিক আশরাফুল হক বলেন, আমার একবিঘা জমি অধিগ্রহণ করা হয়েছে। আমার পাশের জমি বিক্রয় হচ্ছে প্রায় ১২ লাখ টাকা (শতাংশ) দামে। সরকার আমার জমির মুল্য নির্ধারণ করেছে ৫৭ হাজার টাকা(শতাংশ)। সরকারি নির্ধারিত সর্বনিম্ম মূল্যর চেয়েও কমকরে আমার জমির মূল্য নিধারন করা হয়েছে। এমনকি আমাকে আপত্তি দাখিলের জন্য মাত্র ২৪ ঘন্টা সময় দেওয়া হয়েছে।

বন্দর গ্রামের মোঃ গাউছুল জানান তাদের তিন শরিকের ১২কাঠা জমি সরকার অধিগ্রহন করেছে । কিন্তু কোন টাকা পয়সা দেয়নি। সেই জমির উপর লিচু গাছ ছিলো সেগুলোও দেয়া হয়নি।

মুজিবনগরের তোয়াক্কন নেছা বলেন আমার একমাত্র বসতবাড়ি থেকে উচ্ছেদ করে জমি অধিগ্রহণের উদ্যোগ নিয়েছে প্রশাসন। আমি আমার পরিবার এ নিয়ে মানববন্ধন করেছি ও প্রশাসনের কাছে লিখিতঅভিযোগ করেও আমার প্রতি সুবিচার করা হয়নি।

মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসান বলেন, আমি এই জেলাতে মাত্র দুই সপ্তাহ আগে যোগদান করেছি। ২০১৭ সালের ভূমি অধিগ্রহণ আইন মেনেই অধিগ্রহণ করা হচ্ছে। তারপরেও কোনো ব্যক্তি সঠিক মুল্য না পাওয়া বা ক্ষতিগ্রস্থ হলে আমার কাছে দরখাস্ত দিলে আইন অনুযায়ী ব্যবস্থা নেবো।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুক্তিযোদ্ধা মাহাবুবুল হক।

প্রস্তুতি সভায় প্রধান অতিথি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু আমঝুপি ইউনিয়নের প্রতিটা ওয়ার্ডের সভাপতি ও সেক্রেটারীকে নির্দেশ দেন, যথাযোগ্য মর্যাদায় ১৫ই আগষ্ট পালন করতে হবে। স্ব স্ব ওয়ার্ডে ১৫ই আগষ্ট পালন করতে সব ধরনের সহযোগীতা করা হবে। ১৫ই আগষ্ট কাঙ্গালী ভোজের শেষে শোক র্যালীর করার প্রস্তাব গৃহীত হয়।

তিনি আরও বলেন, জাতীয় নির্বাচনকে সামনে রেখে যার যার জায়গা থেকে কাজ করে যেতে হবে।

গাংনীতে ভুমিহীনদের মাঝে চতুর্থ পর্যায়ের ঘর প্রদান

গাংনীতে ভুমিহীনদের মাঝে চতুর্থ পর্যায়ের ঘর প্রদান করা হয়েছে। বুধবার সকাল ১০ টায় গণভবন থকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২২১০১ টি ঘর প্রদান ও ১২ টি জেলা এবং ১২৩ টি উপজেলাকে ভুমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষনা করেন। এসময় গাংনী উপজেলায় ৩১ টি ভুমিহীন ও গৃহহীন পরিবারকে ঘরের চাবি ও দলীল প্রদান করা হয়।

গাংনী উপজেলা পরিষদের সভাকক্ষে আনুষ্ঠানিক ভাবে ঘরের চাবি ও দলীল হস্তান্তর অনুষ্ঠানে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর সঞ্চালনায় এবং ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও গাংনীর সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাদির হোসেন শামীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন মেহেরপুর -২আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এবং বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক মেহেরপুর মোঃ শামীম হাসান।

এসময় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক,গাংনী উপজেলা

পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, রাজনৈতিক নেতৃত্ব বৃন্দ,সাংবাদিক, ইউনিয়ন ভূমি কর্মকর্তা এবং উপকার ভোগীরা।

নবীকে নিয়ে কটুক্তির প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

মহানবী হযরত মুহাম্মাদ (স:) সম্পর্কে কটুক্তি ও অশালীন মন্তব্য করায় ব্লগার আসাদ নুর ও ব্লগার আবদুল্লাহ আল মাসুদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে গাংনীর তৌহিদী জনতা।

আজ বুধবার জোহরের নামাজের পর গাংনী বাজার বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়োজন করে আমিরুল ইসলাম ইসলাম ফাউন্ডেশন।

এই মানববন্ধনে বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মওলানা মোঃ আব্দুল কাদের, গাংনী উপজেলা মডেল মসজিদের ইমাম মওলানা মোঃ ইলিয়াস হোসেন,গাংনী মাদ্রাসা জামে মসজিদের ইমাম মওলানা মোঃ খালেদ সাইফুল্লাহ, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক আনিসুজ্জামান বকুল প্রমুখ।

গাংনী বাজার জামে মসজিদের ইমাম ও উপজেলা ইমাম সমিতির সভাপতি মওলামা মোহাম্মদ রুহুল আমিনের সঞ্চালনায় মানববন্ধনের সমাপনী বক্তব্য রাখেন গাংনী বাজার কমিটির সভাপতি ও আমিরুল ইসলাম ফাউন্ডেশনের পরিচালক ইঞ্জিঃ সালাউদ্দিন শাওন।

মানববন্ধনে বক্তারা বলেন,২০১৭ সাল থেকে ব্লগার আসাদ নূর নামের একটি ব্লগ পেজ থেকে মুসলিম ও হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সম্পর্কে কটুক্তি ও মন্তব্য প্রকাশ করে আসছে, যা সারা পৃথিবীর মুসলিম সম্প্রদায়ের উপর চরম আঘাত হেনেছে। গত কয়েকদিন আগেও আসাদ নূরের ব্লগ পেজ থেকে হযরত মুহাম্মদ (সঃ) সম্পর্কে কটুক্তি করে একটি ভিডিও আপলোড করেছে। শুধু আসাদ নূরের

পেজে নয় আব্দুল্লাহ আল মাসুদ নামের একটি ব্লগ পেজ থেকে মহান আল্লাহ তায়ালা এবং হযরত মুহাম্মদ (সঃ) সম্পর্কে ধর্মীয় অনুভূতিতে আঘাত হেনে অশালীন অযৌক্তিক ভিডিও বক্তব্য প্রকাশ করেছে।

এ সকল বক্তব্যে হযরত মুহাম্মদ (সঃ) এবং মহান আল্লাহ তায়ালার সম্পর্কে যে কটুক্তি করেছে তা বানোয়াট ভিত্তিহীন। মুসলমানদের খেপিয়ে তোলার জন্যই এই দুই ব্লগে বক্তব্য প্রকাশ করেছ। তারই প্রতিবাদে গাংনীতে মানববন্ধন ও বিক্ষোভের আয়োজন। ওই দুই ব্লগারকে খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছেন মানববন্ধনে অংশগ্রহণকারীরা।